


**DEPARTMENT OF HISTORY
RAMSADAY COLLEGE
SEMESTER-4TH
CC-8
TOPIC : THE INDUSTRIAL REVOLUTION
BY - SANKARDEV MAIT**



Source: wikipedia.org

THE INDUSTRIAL REVOLUTION

‘শিল্প বিপ্লব’ শব্দটি প্রথম ব্যবহার করেন ১৮৩৭ খ্রীঃ পখ্যাত ফরাসি দার্শনিক অগাস্ত ব্ল্যাথকি। এরপর ব্রিটিশ ইতিহাসিক আর্নল্ড টয়েনবি-র অক্সফোর্ড বক্তৃতামালার সূত্রধরে (১৮৮০-১৮৮১)

শিল্প বিপ্লব শব্দটি বহুল প্রচার লাভ করে। তবে শিল্প বিপ্লব বলতে কী বোঝায় তা নিয়ে পণ্ডিত মহলে মতপার্থক্য রয়েছে।

ঐতিহাসিক ফিশারের মতে, দৈহিক শ্রমের পরিবর্তে যন্ত্রপাতি দ্বারা শিল্প পণ্যের উৎপাদন এবং ফলহিসাবে উৎপাদন বৃদ্ধিকেই শিল্প বিপ্লব বলা হয়। অধ্যাপক ফিলিস ডীন যন্ত্রপাতির সঙ্গে আরো কতগুলি আনুসঙ্গিক পরিবর্তনকে শিল্প বিপ্লব হিসেবে চিহ্নিত করার পক্ষপতি, সেগুলি হল - ১. মূলধন বিনিয়োগের মাধ্যমে যন্ত্রচালিত বৃহৎ কারখানা স্থাপন। ২. উৎপাদিত পণ্য বাজারে বিক্রি করে মুনাফা লাভ। ৩. উৎপাদনে মজুরির বিনিময়ে শ্রমিক নিয়োগ। ৪. কাঁচামাল ও শ্রমিকের যোগান। ৫. শিল্পে মূলধন সরবরাহের জন্য ব্যাঙ্ক বা অর্থ বিনিয়োগকারী সংস্থার বিকাশ। ৬. যোগাযোগ ব্যবস্থার উন্নতি। এই সমস্তকিছুর একত্রে সমন্বয় ঘটলে তবে শিল্প বিপ্লব হয়। ঐতিহাসিক সি. এম. সিপোলা বলেন যে, বিশ্ব ইতিহাসে কোনো বিপ্লবই শিল্প বিপ্লবের মতো নাটকীয় নয়।

শিল্প বিপ্লবের বৈশিষ্ট্য :

১. শিল্প বিপ্লব হল অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগ থেকে বহু মানুষের সম্মিলিত প্রচেষ্টার মস্তুর গতির এক পরিবর্তন।
২. এই বিপ্লব পৃথিবীর সবজায়গায় একই সময়ে সংঘটিত হয়নি।
৩. শিল্প বিপ্লবের ফলে দৈহিক শ্রম নির্ভর কৃষি ভিত্তিক অর্থনীতি যন্ত্রনির্ভর কারখানা ভিত্তিক শিল্প অর্থনীতিতে রূপান্তরিত হয়।
৪. শিল্প বিপ্লবের ফলে মানুষ গ্রাম ছেড়ে শহরমুখী হয় এবং কারখানায় শিল্প কর্মে নিযুক্ত হয়। এর ফলে গড়ে ওঠে শহরকেন্দ্রিক শিল্পসভ্যতা।
৫. শিল্প বিপ্লবের হাতধরে কৃষি, বস্ত্র, কয়লা, লৌহ ও পরিবহন সমস্ত ক্ষেত্রেই প্রযুক্তি ও কৌশলগত বিপ্লব আসে।

ইংল্যান্ডে প্রথম শিল্প বিপ্লব শুরু হওয়ার কারণ :

১. আষ্টাদশ শতকের ইংল্যান্ডে কৃষি বিপ্লবের ফলে শিল্পে প্রয়োজনীয় কাঁচামালের যোগান বৃদ্ধি পায় এবং মানুষের আর্থিক অবস্থার উন্নতি ঘটায় দেশের অভ্যন্তরে শিল্প পন্যের বাজার গড়ে ওঠে।
২. এই সময় উত্তর আমেরিকা, আফ্রিকা ও এশিয়ার বিভিন্ন আংশে ইংল্যান্ডের উপনিবেশ স্থাপিত হওয়ায় কাঁচামালের যোগান, উৎপাদিত পন্যের বাজার ও মূলধনের অফুরন্ত যোগান শিল্প বিপ্লবের অনুকূল পরিবেশ গড়ে তোলে।
৩. ষোড়শ শতক থেকে এনক্লোজার পদ্ধতিতে ভেড়া প্রতিপালনের উপর মাত্রতিরিক্ত গুরুত্ব আরোপের ফলে অসংখ্য মানুষ বেকার ভূমিহীনে পরিনত হয়, এছাড়া জনসংখ্যা বৃদ্ধির ফলে অল্প বেতনে সুলভ শ্রমিকের যোগান বৃদ্ধি শিল্প বিপ্লবের সহায়ক হয়।
৪. সরকারি পৃষ্ঠপোষকতা
৫. ইংল্যান্ড ছিল কয়লা, লোহা, টিন ও তামা প্রভৃতি খনিজ সম্পদে সমৃদ্ধ। সঁাতসঁাতে আবহাওয়া বঙ্গ শিল্পের অনুকূল ছিল। দ্বীপ রাষ্ট্র হওয়ায় জল পথে যোগাযোগ ব্যবস্থা ছিল খুবই উন্নত।
৬. এই সমস্ত কিছুর সঙ্গে যুক্ত হয়েছিল বৈজ্ঞানিক আবিষ্কার যা শিল্প বিপ্লবকে ত্বরান্বিত করে ছিল।

	বিজ্ঞানী	সাল	আবিষ্কার
১.	জন কে	১৭৩৩	উড়ন্ত মাকু
২.	হারগ্রিভস্	১৭৬৫	স্পিনিং জেনি
৩.	আর্করাইট	১৭৬৯	ওয়াটার ফ্রেম
৪.	জেমস্ ওয়াট	১৭৬৯	স্টিম ইঞ্জিন
৫.	কার্টরাইট	১৭৮৫	মিউল
৬.	জর্জ স্টিভেনসন	১৮১৪	বাস্পচালিত রেল ইঞ্জিন
৭.	হামফ্রি ডেভি	১৮১৫	সেফটি ল্যাম্প
৮.	ফুলটন	১৮১৫	স্টিমার



Flying Shuttle




Spinning jenny



Water frame



Mule



Steam engine

Source: wikipedia.org




Safety lamp

Source: wikipedia.org

তথ্য সহায়তা

জীবন মুখোপাধ্যায়, আধুনিক ইউরোপ ও বিশ্ব, শ্রীধর পাবলিশার্স, কলকাতা, ২০১৫, পৃঃ ১০-১২।

wikipedia.org



"LOCOMOTION No. 1."

This is George Stephenson's quaint looking engine which drew the world's first passenger train over the Stockton and Darlington Railway one hundred and two years ago. It is depicted resting on the rails used on the pioneer railway.

Photograph by courtesy of the Science Museum, London.

Steam Locomotive

Source: locomotive.fandom.com